

আমি তখন তাদের আর দাড়া হতে পারব না। হয়ে যাব একটা অদ্ভুত ছবি।
পূর্বে জেলে ঢোকবার সময় যারা আমাকে তুমুল জয়ধ্বনির মধ্যে বিদায় দিয়েছিল, তারাই
হয়ত দেখলে আমাকে আজ চিন্তে পারবে না।

বাইরে বৃষ্টি পড়ছে। বাতাস বুক ফাটা দুঃখে গুম্বরে গুম্বরে মরছে। তার মধ্যে
পাই আমি চির হতাশার সক্রমণ নিঃশ্বাস। কি যেন হারিয়ে গেছে—তা আর পাবনা।

বহে যাও নদি

অধ্যাপক পুলিনবিহারী কর

'Flow down cold riverlet'—Tennyson's In Memoriam.

বহে যাও নদি, সাগর পানে
নিয়ে তব উপচার ;
বিদায়ের দিন, এই মোর শেষ
কভু না আসিব আর !
ধীরে বহে যাও শ্রামল প্রান্তরে
সরিৎ ; তটিনী পরে ;
তব তটে এই আসিব না আর
চির জনমের তরে !
ঝাউ সারি সারি হুধারে তোমারি
পবনের স্বন্ স্বন্,
বনফুল মাঝে অলির গুঞ্জন
শুনিবে গো চিরন্তন।
শত সৌরকর ভাসিবে সলিলে
নাচিবে চন্দ্রমা পটে ;
আমি কিন্তু আর কভু এ জীবনে
আসিব না তব তটে।